

# নজরুলজয়ন্তীতে ছায়ানটের ব্যতিক্রমী আয়োজন

নিজস্ব প্রতিবেদক

রমনা বটমূলে বর্ষবরণ অনুষ্ঠানে বোমা হামলার পর যে সাংস্কৃতিক আন্দোলন গড়ে তোলার চেষ্টা হচ্ছে, তাকে এগিয়ে নিতেই গতকাল রোববার ছায়ানট তাদের নজরুলজয়ন্তীর অনুষ্ঠানটি সাজিয়েছিল অন্যভাবে। অনুষ্ঠানে গানের নির্বাচনটাই এমন ছিল যে নজরুলের গান শুনতে শুনতেই শ্রোতারা রমনা বটমূলের মর্মান্তিক ঘটনা স্মরণ করেছেন।

‘নাহি নাহি ভয়...’-এর সমবেত পরিবেশনার মধ্য দিয়ে ছায়ানটের সাধারণ সম্পাদক শিল্পী খায়রুল আনাম শাকিলের নেতৃত্বে সঙ্গীতানুষ্ঠান শুরু হয়। এরপর শিল্পীরা ‘শ্যামলা বরণ বাংলা...’ গানটি শেষ করার পর উপস্থাপক ভাস্কর বন্দ্যোপাধ্যায় সংক্ষেপে নজরুল এবং নজরুলের গান নিয়ে কিছু কথা বলেন। তিনি জানান, এবারের নজরুলজয়ন্তী মূলত নজরুলের স্বদেশপ্রেম আর উদ্দীপনামূলক গান দিয়ে সাজানো হয়েছে।

‘নাহি নাহি ভয়...’ দিয়ে শুরু করে ২৩টি গানে সাজানো অনুষ্ঠানের শেষ গান ‘জয় হোক জয়...’ পরিবেশনার মাঝে নজরুলের গানের বৈচিত্র্য তুলে ধরার জন্য প্রেম, প্রকৃতি ইত্যাদি অন্য রকমের কয়েকটি গানও গাওয়া হয়েছে।

সমবেত পরিবেশনার ফাঁকে খায়রুল আনাম শাকিল, সুমন চৌধুরী, কল্পনা আনাম, লাকী, বনা হালদার, সুমন মজুমদার, ডলি, মিতা খান, হাসি, মুন্সী, পলি, বিজন মিস্ত্রি, অনন্যা শীলা শামসুদ্দীন, শামীমা পারভীন শিমু, তানজিম মোর্শেদ, শরমিন স্বাতী ইসলাম একক সঙ্গীত পরিবেশন করেন।

সঙ্গীতানুষ্ঠানে এনামুল হক ওমর ও মাহবুব আহসান খান তবলা, সুনীল চন্দ্র দাস বেহালা, মনোয়ার হোসেন টুটুল গিটার বাদন উপস্থাপন করেন।